

# جمعية الدعوة والإرشاد وتنمية الجاليات بالزلفي

## مشروع تعلم الإسلام - أحكام الصلاة

### পঞ্চম দারস

#### ‘সালাম ফিরার পর যিক্রঃ

সালাম ফিরার পর নিম্নের যিকিরগুলি বা তার থেকে কিছু যিকির পড়া মুসল্লির জন্য মুস্তাহাব।

((أَسْتَغْفِرُ اللَّهَ أَسْتَغْفِرُ اللَّهَ اللَّهُمَّ أَنْتَ السَّلَامُ وَمِنْكَ السَّلَامُ تَبَارَكْتَ يَا ذَا الْجَلَالِ وَالْإِكْرَامِ))

“আস্তাগ ফিরগ্লাহ আস্তাগ ফিরগ্লাহ আস্তাগ ফিরগ্লাহ, আল্লাহম্মা আস্তা স্সালা-মু অ মিনকাস সালা-মু তাবা-রাকতা ইয়া যাল জালা-লি অল ইকরা-মু” (আমি আল্লাহর নিকট ক্ষমা চাই। হে আল্লাহ! তুমি শান্তিময়, তোমার পক্ষ হতেই শান্তি আসে, তুমি বরকতময় হে মহিমাময় ও মহানুভব।

((لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ اللَّهُمَّ لَا مَانِعَ لِمَا أَعْطَيْتَ وَلَا

مُعْطِيٌ لِمَا مَنَعْتَ وَلَا يَنْفَعُ ذَا الجَدِّ مِنْكَ الْجَدِّ)) متفق عليه ৫৯৩-৮৪৪

“লা-ইলা-হা ইল্লাহ-হ অহদাহ লা শারীকা লাহ লাহল মুলকু অলাহল হামদু অহয়া আলা কুল্লি শাইয়িন কুদারির, আল্লা-হম্মা লা মা-নিআ লিমা আ’তাইতা অলা মু’ত্ত্বিয়া লিমা মানা’তা অলা য্যানফাউ যাল জাদি মিনকাল জাদু” (আল্লাহ ব্যতীত কোন সত্যিকার উপাস্য নেই, তিনি একক তাঁর কোন শরীর নেই, তাঁরই সারা রাজত্ব, তাঁরই জন্য সমস্ত প্রশংসা এবং তিনি সব কিছুর উপর সর্বশক্তিমান। হে আল্লাহ! তুমি যা দান করো, তা রোধকারী এবং তুমি যা রোধ করো, তা দানকারী কেউ নেই, আর ধনবানের ধন তোমার আযাব হতে বাঁচাতে কোন উপকারে আসবে না।

((لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ، وَلَهُ الْحَمْدُ، وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ، لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللهِ، لَا إِلَهَ إِلَّا

اللهُ، وَلَا نَعْبُدُ إِلَّا إِيَّاهُ، لَهُ النِّعْمَةُ وَلَهُ الْفَضْلُ، وَلَهُ الشَّنَاءُ الْحَسْنُ، لَا إِلَهَ إِلَّا اللَّهُ مُخْلِصِينَ لَهُ الدِّينَ وَلَوْ كَرِهَ الْكَافِرُونَ))

“লা-ইলা-হা ইল্লাহ-হ অহদাহ লা শারীকা লাহ লাহল মুলকু অলাহল হামদু অহয়া আলা কুল্লি শাইয়িন কুদারির, লা হাউলা অলা কুওয়াতা ইল্লা বিল্লা-হলা-ইলা-হা ইল্লাহ-হ অলা না’বুদু ইল্লা ইয়া-হ লাহন নি’মাতু অলাহল ফাযলু অলাহস সানা-উল হাসান, লা-ইলা-হা ইল্লাহ-হ মুখলিসীনা লাহদীন অলাউ কারিহাল কা-ফিরুন” (আল্লাহ ব্যতীত কোন সত্যিকার উপাস্য নেই, তিনি একক তাঁর কোন শরীর নেই, তাঁরই সারা রাজত্ব, তাঁরই জন্য সমস্ত প্রশংসা এবং তিনি সব কিছুর উপর সর্বশক্তিমান। আল্লাহর প্রেরণা ছাড়া পাপ থেকে ফিরার এবং সৎকাজ করার সাধ্য কারো নেই। আল্লাহ ছাড়া কোন সত্য উপাস্য নেই। আমরা তিনি ব্যতীত আর কারো ইবাদত করি না। যাবতীয় সম্পদ, অনুগ্রহ ও উন্নত প্রশংসা সব তাঁরই। আল্লাহ ছাড়া কোন উপাস্য নেই। আমরা বিশুদ্ধ চিন্তে তাঁরই ইবাদত করি, যদিও কাফেরদের নিকট তা অপচন্দনীয়। (মুসলিম ৫৯৪) এর (উল্লিখিত দুআগুলো পড়ার) পর ৩৩বার ‘সুবহানাল্লাহ’ ৩৩বার ‘আলহামদু লিল্লাহ’ ৩৩বার ‘আল্লাহ আকবার’ পড়বে এবং একশত পূর্ণ করার জন্য পড়বে, ‘লা-ইলা-হা ইল্লাহ-হ অহদাহ লা শারীকা লাহ লাহল মুলকু অলাহল হামদু অহয়া আলা কুল্লি শাইয়িন কুদারির’। (মুসলিম ৫৯৭) অনুরূপ প্রত্যেক নামায়ের পর ‘আয়াতুল কুরসী’ ‘কুলহুও যাল্লাহ আহাদ’ ‘কুল আউয়ু বিরাবিলাস’ এবং ‘কুল আউয়ু বিরাবিল ফালাক্ত’ পড়বে। ফজর ও মাগরিবের নামায়ের সুরা তিনটিকে তিনবার করে পড়া মুস্তাহাব।

### الدرس الخامس

#### الأذكار بعد الصلاة